গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হোমনা, কুমিল্লা
www.homna.comilla.gov.bd

# বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি , ২০০৯ ও ভূমি মন্ত্রণালয়ের ০৮/১১/২১ খ্রি তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২) ১২০ পরিপত্র এবং ২৩/১১/২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নম্বর প্রজ্ঞাপন এর আলোকে ২০ একর পর্যন্ত (বদ্ধ) জলমহাল ১৪৩৩-১৪৩৫ বাংলা সন পর্যন্ত অস্থায়ী ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতিসমূহের নিকট হতে অনলাইনে আবেদন আহবান:

এতদ্বারা সরকারি জলমহাল ব্যবস্থপনা নীতি , ২০০৯ এর আলোকে কুমিল্লা জেলার হোমনা উপজেলার ২০ একর পর্যন্ত বদ্ধ শ্রেণির জলমহালসমূহ ১৪৩৩-১৪৩৫ বাংলা সন মেয়াদে বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে স্থায়ীভাবে সমবায় অধিদপ্তর/ সমাজ সেবা অধিদপ্তরে নিবন্ধিত প্রকৃত মৎসজীবী সংগঠন/ সমিতির নিকট থেকে নিম্নোক্ত শর্তাধীনে অনলাইনে আবেদন আহব্বান করা যাচ্ছে। জলমহাল প্রাপ্তির লক্ষ্যে অনলাইনে আবেদন দাখিল এবং ইজারা প্রক্রিয়া নিম্নরূপ:

| ক্রমিক নং | তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ০১ | ২১ পৌষের মধ্যে (০৫ জানুয়ারির মধ্যে) | | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কতৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান |
| ০২ | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি হতে ২৯ জানুয়ারির মধ্যে) | ১৫ দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ০৩ | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি হতে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ০৩ দিন | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৪ | ২২ মাঘ থেকে ২৮ মাঘে মধ্যে (০৫ ফেব্রুয়ারি হতে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ দিন | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাচাই। |
| ০৫ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে (১২ ফেব্রুয়ারি হতে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ দিন | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬ | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারি হতে ১১ মার্চের মধ্যে) | ১৫ দিন | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে (১২ মার্চ হতে ১৬ মার্চের মধ্যে) | ০৩ দিন | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৮ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ হতে ২৯ মার্চের মধ্যে) | ০৭ দিন | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারী করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ০৯ | ১ বৈশাখ ( ১৪ এপ্রিল) | | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া |

১৪৩৩ হতে ১৪৩৫ বাংলা সন পর্যন্ত ইজারাযোগ্য সরকারি জলমহালের সম্ভাব্য বার্ষিক ইজারামূল্যসহ তালিকা নিম্নরূপ:

| ক্র: নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | মৌজার নাম | দাগ নম্বর | পরিমান (একর) | বিগত তিন বছরের গড় মূল্য | গড় মূল্যের ৫% বর্ধিত মূল্য | সম্ভাব্য সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ঘাগুটিয়া | আলীপুর ডোবা | ঘাগুটিয়া | ১০৮৯৩ | ০.৬০০০ | ৫০,০০০/- | ৫২,৫০০/- | ৫৩,০০০/- |
| ০২ | ঘাগুটিয়া | দুর্গাপুর বিল | দড়িচর | ৭৪০,৭৪১ ,৭৪৪ | ১০.৩৩ | ৩,৩০,০০০/- | ৩,৪৬,৫০০/- | ৩,৪৭,০০০/- |
| ০৩ | ঘনিয়ারচর | আসাদপুর বদ্ধ খাস পুকুর | আসাদপুর | ১১৩১ | ০.৬৮০০ | ৫১,২৯৯/- | ৫৩,৮৬৪/- | ৫৪,০০০/- |
| ০৪ | ঘনিয়ারচর | কৃপারামপুর বিল | কলাগাছিয়া | ২২৮৪ | ০.৪৯০০ | ৩১,০০০/- | ৩২,৫৫০/- | ৩৩,০০০/- |

| ক্র: নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | মৌজার নাম | দাগ নম্বর | পরিমান (একর) | বিগত তিন বছরের গড় মূল্য | গড় মূল্যের ৫% বর্ধিত মূল্য | সম্ভাব্য সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০৫ | পৌর | গোয়ারীভাঙ্গা বিল -১<br>গোয়ারীভাঙ্গা বিল -২ | হোমনা | ৪৫৯<br>২০৮৩ | ০.৯১০০<br>০.৮৭০০ | ২০,৭০০/- | ২১,৭৩৫/- | ২২,০০০/- |
| ০৬ | নিলখী | কৃষ্ণপুর বিল | নারায়ণপুর | ১৫১৩ | ৩.১৯০০ | ১,৪০,০০০/- | ১,৪৭,০০০/- | ১,৪৭,০০০/- |
| ০৭ | মাথাভাঙ্গা | দ্বাড়িগাঁও বিল | দ্বাড়িগাঁও | ১৭৪ | ১.৬৯০০ | ৩০,০০০/- | ৩১,৫০০/- | ৩২,০০০/- |

আবেদন সংক্রান্ত নির্দেশনাবলীঃ-

ক) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণের আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার আবেদন দাখিল করতে হবে।

খ) অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা পরবর্তী ৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারা জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মুলকপি সীলগালা মুখ বন্ধকালে উপজেলায় দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লেখিত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে। খামের বাম পাশের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

ইজারা/বন্দোবস্ত প্রদানের শর্তাবলীঃ

০১) নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎসজীবিদের সমিতি যা সমবায়/ সমাজ সেবা অধিদপ্তরের নিবন্ধিত সে সমিতি বা সমিতিসমূহ বা তীরবর্তী জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবে। উক্ত সমিতিতে বা সমিতি সমূহ বা তীরবর্তী জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবে। উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবী না থাকে উক্ত সমিতি আবেদনযোগ্য হবে না এবং জলমহালে নিকটবর্তী/ তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

০২) আবেদনকারী মৎস্যজীবী সমিতি/সংগঠন বর্তমান কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায় অফিসার/সমাজসেবা অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং বিগত ২ বছরের রিপোর্ট পেশ করতে হবে। তবে নতুন নিবন্ধিত সমিতি/সংগঠনের ক্ষেত্রে এ রির্পোট প্রযোজ্য হবে না।

০৩) আবেদনপত্রের সাথে বিজ্ঞপ্তিতে উল্লেখিত সংশ্লিষ্ট জলমহালের আবেদনকারী কর্তৃক প্রদত্ত ইজারা মূল্যের ২০% (শতকরা বিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, হোমনা বরাবর দাখিল করতে হবে। উক্ত অর্থ শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৪)আবেদন পত্রের সংগঠন /সমিতির নির্বাচিত কমিটি, গঠতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের কপি , ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র সহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। অবশ্যই চাহিত তথ্যাদি সংযুক্ত করতে হবে। এছাড়া ০৩ (তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠ ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদনপত্র অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

০৫) ০৩ (তিন) বছরের মেয়াদে ইজারাকৃত জলমহালের দ্বিতীয় ও তৃতীয় বছরের ইজারা মূল্য পরবর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। পুনরায় মহালটি ইজারা প্রদানের ক্ষেত্রে মূল্য হ্রাস পেলে কিংবা ইজারা সম্ভব না হলে তার দায়িত্ব ইজারা গ্রহীতার উপর বর্তাবে।

০৬) মৎস্যজীবী সমিতি সংগঠনের পক্ষে একমাত্র সভাপতি / সাধারণ সম্পাদকের স্বাক্ষরে আবেদন দাখিল করতে হবে। অন্য কোন সদস্যের স্বাক্ষরের আবেদন পত্র গ্রহন করা হবে না।

০৭) জলমহালসমূহ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ইজারা দেওয়া হবে। আবেদনকারীকে আবেদনপত্র দাখিলের পূর্বেই সরেজমিন পরিদর্শন করে জলমহালের প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে আবেদনপত্র দাখিল করতে হবে।

০৮) লীজগ্রহীতা কোনক্রমে লীজকৃত জলমহাল অন্য কারো নিকট সাব-লীজ /হস্তান্তর করতে পারবে না। এ শর্ত বরখেলাপ করলে লীজ বাতিলসহ জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং পরবর্তী বছর ইজারা গ্রহণের কোন আবেদন করতে পারবে না। প্রথম বছর ইজারা মূল্য পরিশোধের সাথে সাথে ইজারা গ্রহীতাকে ১৫০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পন্ন করতে হবে এবং নিজ দায়িত্বে কর্তৃপক্ষের মাধ্যমে দখল গ্রহণ করতে হবে। অন্যথায় যথাসময়ে মহালের দখল পাবার অযুহাতে পরবর্তীতে কোন আপত্তি গ্রহন করা হবে না।

১০) ইজারা সংক্রান্ত নীতিমালা ও সময় সময় জারীকৃত সরকারি বিধান সমূহ ইজারা গ্রহীতাকে অবশ্যই মেনে চলতে হবে এবং নীতিমালা মোতাবেক ইজারা কার্যক্রম নিবন্ধিত হবে।

১১) যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। অধিকন্তু কর্তৃপক্ষ বাস্তবতার আলোকে জলমহালের তফসিল হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২) ভূমি মন্ত্রণালয়ের ০৮/০১/২০১৩ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯-১৫ নম্বর স্মারকের নির্দেশনার আলোকে জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ অনুচ্ছেদ এর ১৫ অনুচ্ছেদ এর ৪(খ) এ উল্লেখিত (ক) এর অধীন কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে

কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর বা দিঘীর চারপাশের নিকটবর্তী অবস্থানে বসবাসরত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত সমিতির অনুকূলে (যাহা সমবায় অধিদপ্তর কিংবা সমাজ সেবা অধিদপ্তরের স্থানীয় অফিসের নিবন্ধিত ০৩ ( তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। উক্ত সমিতি হলো - (ক) বেকার যুবক (ক) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা সন্তান (গ) যুব মহিলা (ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা (ঙ) আনসার ভিডিপি ও গ্রাম পুলিশ (চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি। তবে কোন পরিবার হতে একাধিক ব্যক্তি এ সমিতির সদস্য হতে পারবে না।

১৩) কোন জলমহালের কোন দাগের কিংবা মহালের উপর বিজ্ঞ আদালতের স্থিতাবস্থা/ নিষেধাজ্ঞা আদেশ থাকলে তা বিজ্ঞপ্তিতে উল্লেখ করা না হলেও তা ইজারা বহির্ভূত থাকবে। বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা প্রত্যাহার হলে স্বয়ংক্রিয়ভাবে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

১৪) কোন জলমহাল ইজারা প্রদান হয়ে থাকলে বা ইজারা কার্যক্রম গ্রহণের কোন পর্যায়ে বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা জারি হলে ইজারাকৃত মূল্য ফেরত প্রদান করা হবে না এবং কোন আপত্তি গ্রহণ করা হবে না।

১৫) ইজারা গ্রহীতা জলমহাল ইজারা গ্রহণ করে সেচ দিয়ে সম্পূর্ণ পানি নিষ্কাশন করে অথবা বিষ প্রয়োগ করে মাছ আহরণ /শিকার করতে পারবে না, করলে আইনত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬) ইজারা গ্রহীতাকে প্রত্যেক বছরের ইজারামূল্যের সাথে ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ৫% আয়কর পরিশোধ করতে হবে।

১৭) কোন মৎস্যজীবী সমিতি সংগঠনকে দুটির অধিক জলমহল বন্দোবস্ত/ ইজারা প্রদান করা যাবে না।

১৮) জলমহাল ইজারা মেয়াদ ১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহাল ইজারা গ্রহন করলে ঐ বছরের ১ বৈশাখ হতে ইজারা হিসেবে গণ্য হবে।

১৯) জলমহাল ইজার মেয়াদ ১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহাল ইজারা গ্রহণ করলে ঐ বছরের ১ বৈশাখ হতে ইজারা হিসেবে গণ্য হবে।

২০) সরকার কর্তৃক সময় সময়ে জারীকৃত আদেশ নির্দেশসমূহ মেনে চলতে হবে। যে সকল জলমহাল ইজারা দেয়া হবে, সেখানে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে। কোন জলাশয়েই রাক্ষুসে মাছচাষ করা যাবে না।

২১) সরকারি প্রয়োজনে জলমহালগুলো (বদ্ধ) খনন, সংস্কার বা পুন:খনন করার সময় ইজারা গ্রহীতা কর্তৃক ওজর আপত্তি করা যাবে না।

২২) উক্ত শর্ত সমূহ আবেদন পত্র / দরপত্র / বিজ্ঞপ্তি সকল প্রকার বিধির পরিপূরক।

২৩) ইজারা বাতিল কিংবা গ্রহণ অথবা যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষন করেন।

৩১/১২/২০২৫

(মো: শহিদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
হোমনা, কুমিল্লা

স্মারক নম্বর : ০৫.২০.১৯৫৪.১০১.১৬.০০.০১৪.২৫-৯১০

তারিখ ১৬ পৌষ ১৪৩২ / ৩১ ডিসেম্বর ২০২৫

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে -
০১। জেলা প্রশাসক, কুমিল্লা
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুমিল্লা
০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, হোমনা, কুমিল্লা ও উপদেষ্টা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
০৪। সহকারী কমিশনার (ভূমি), হোমনা, কুমিল্লা ও সদস্য সচিব, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
০৫। উপজেলা ................................অফিসার, হোমনা, কুমিল্লা
০৬। অফিসার ইনচার্জ, হোমনা
০৭। জনাব,............................................................... সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
০৮। চেয়ারম্যান/প্রশাসক............................. (সকল), ইউনিয়ন পরিষদ, হোমনা, কুমিল্লা।
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.........................ইউনিয়ন ভূমি অফিস, হোমনা, কুমিল্লা।
১০। সম্পাদক.......................... পত্রিকা।
১১। নোটিশ বোর্ড।

৩১.১২.২০২৫

(আহাম্মেদ মোফাচ্ছের)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
হোমনা, কুমিল্লা